



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০৪.২২-৬৭২

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯
১২ অক্টোবর ২০২২

বিষয়: জেলা পরিষদ নির্বাচন-২০২২ উপলক্ষে ভোটকেন্দ্রের সার্বিক পরিস্থিতি মনিটরিং ও পর্যবেক্ষক নিয়োগ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে জেলা পরিষদের নির্বাচন ১৭ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন পরিচালনার জন্য প্রতি উপজেলায় একটি করে ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে। অনুষ্ঠিতব্য নির্বাচন সুষ্ঠু ভাবে পরিচালনা করার লক্ষ্যে ভোটকেন্দ্রের সার্বিক পরিস্থিতি মনিটরিং করতে হবে। এ লক্ষ্যে ভোটগ্রহণের পূর্বের দিন এবং ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্রের সার্বিক পরিস্থিতির তথ্য সংগ্রহ এবং মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার/থানা নির্বাচন অফিসারকে পর্যবেক্ষক হিসাবে দায়িত্ব প্রদান করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। উল্লিখিত কর্মকর্তাগণকে নিম্নরূপ দায়িত্ব প্রদান করতে হবে:

- ক. নির্বাচনি মালামাল ভোটকেন্দ্রে যথাযথভাবে পৌঁছেছে কিনা তার তথ্য সংগ্রহ;
- খ. ইভিএম মেশিন ও সকল মালামাল যথাযথ নিরাপত্তার সাথে রক্ষিত আছে কিনা তার তথ্য সংগ্রহ;
- গ. ভোটগ্রহণের দিন সকাল ৮.৩০মি. ইভিএম মেশিন ও সকল মালামাল যথাযথ নিরাপত্তার সাথে রক্ষিত রয়েছে কিনা সে বিষয় এবং ভোটগ্রহণ শুরুর প্রস্তুতি সম্পর্কেও তথ্য সংগ্রহ;
- ঘ. সকাল ৯.০০মি. ভোটগ্রহণ শুরু হয়েছে কি না সে সম্পর্কিত তথ্য সংগ্রহ;
- ঙ. ভোটারদের সাথে গোপনকক্ষে যাতে অন্য কেহ প্রবেশ না করে তা নিশ্চিতকরণ বা ভোটারগ্রহণ যাতে গোপনকক্ষে স্ব স্ব ভোট প্রয়োগ করতে পারে তা নিশ্চিত করা;
- চ. প্রকাশ্যে যেন কোন ভোটার ভোটপ্রদান না করতে পারে সে বিষয়েও নিশ্চিত করতে করা;
- ছ. ভোটকক্ষে ভোটারগণ যাতে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করতে না পারে অথবা ভোটকক্ষে ভোটদান বিশেষ করে গোপনকক্ষে ভোট প্রদানের ছবি তুলতে না পারে তা মনিটরিং করা;
- জ. সকাল ১১.০০ টায়, দুপুর ১.০০ টায় এবং ভোটগ্রহণ শেষ হলে লিখিতভাবে প্রতিবেদন দাখিল। এছাড়াও বিশেষ পরিস্থিতির উদ্ভব হলে তা সাথে সাথে সংশ্লিষ্টদের অবহিতকরণ;
- ঝ. নির্বাচন অনুষ্ঠানে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে এমন কোন পরিস্থিতির খবর পেলে তাৎক্ষণিকভাবে তা লিখিতভাবে অবহিত করণ; এবং
- ঞ. নির্বাচনি মালামাল এবং ভোটকেন্দ্রসমূহের ফলাফল রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে যথাযথভাবে পৌঁছেছে কিনা তৎসম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

২। উল্লিখিত বিষয়াদি ছাড়াও আইন-শৃঙ্খলা পরিস্থিতি বা গুরুত্বপূর্ণ/সংবেদনশীল/ভোটগ্রহণ কার্যক্রমকে বাধাগ্রস্ত করে বা নির্বাচনে বল প্রয়োগ, ভীতি প্রদর্শন, ভোটকেন্দ্র অবৈধভাবে দখল, জোরপূর্বক ভোটকেন্দ্রে প্রবেশ ইত্যাদি অনিয়মের ঘটনা ঘটলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তা সাথে সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব বা অতিরিক্ত সচিব-কে লিখিত বা মৌখিকভাবে জানাবেন এবং লিখিত প্রতিবেদনের ক্ষেত্রে একটি অনুলিপি নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখায় প্রদান করবেন।

৩। এছাড়া ভোটকেন্দ্রে দায়িত্বপালনকারী প্রিজাইডিং অফিসারগণ যাতে ইভিএম হতে ভোটকেন্দ্রভিত্তিক প্রাপ্ত ফলাফলের প্রিন্ট কপি ভোটকেন্দ্রে টাঙ্গিয়ে আসেন এবং নির্ধারিত ফরমে ভোটগণনার বিবরণীর সাথে আরেকটি প্রিন্ট কপি সংযুক্ত করে জমা দেন সে বিষয়ে নিশ্চিত করতে হবে।

৪। বর্ণিতব্যবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।



(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫(অফিস)

E-mail: ccsemc2@gmail.com

১। জেলা প্রশাসক, (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০৪.২২-৬৭২

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯
১২ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়
২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষ্ঠানিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষ্ঠানিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৪. উপসচিব (নির্বাচন পরিচালনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. পুলিশ সুপার,(সংশ্লিষ্ট)
৬. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার..... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১. উপজেলা/থানা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১২. অফিসার ইন চার্জ, (সংশ্লিষ্ট থানা)।



(মোঃ আশরাফুর রহমান)

সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা